গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাংলাদেশ পুলিশ
কমান্ড্যান্ট এর কার্যালয়
পিএসটিএস, বেতবুনিয়া, রাঙ্গামাটি
www.police.gov.bd

স্মারক নং-(পিএসটিএস)/প্রশাসন-২০২৬/২৮৪১ তারিখ: ১৮ অক্টোবর ২০২৬ খ্রি.।

আউটসোসিং (Outsourcing) প্রক্রিয়ায় জনবল নিয়োগ বিজ্ঞপ্তি

পুলিশ স্পেশাল ট্রেনিং স্কুল (পিএসটিএস), বেতবুনিয়া, রাঙ্গামাটি'তে অর্থ মন্ত্রণালয় স্মারক নং-০৭.০০.০০০০.০০০.১৫৩.৯৯.০০০১.২১-১৭৮ তারিখ-১৫ এপ্রিল ২০২৫ খ্রি. (আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০২৫) এবং অর্থ মন্ত্রণালয় স্মারক নং-০৭.০০.০০০০.০০০.১৫৩.৯৯.০০০১.২১-৭৭৩ তারিখ-২১ সেপ্টেম্বর ২০২৬ খ্রি. (আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা, ২০২৫ এর সংশোধন) মোতাবেক ০২ বছরের জন্য (উক্ত সেবাসমূহের মেয়াদ নিয়োগের তারিখ হতে ৩০ জুন ২০২৮ খ্রি. তারিখ পর্যন্ত) অস্থায়ী ভিত্তিতে সরাসরি চুক্তি সম্পাদনের মাধ্যমে নিম্নবর্ণিত ক্যাটাগরি ও শর্তসাপেক্ষে সেবাসমূহ ক্রয়ের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম ও ক্যাটাগরি	পদের সংখ্যা	সাকুল্যে মাসিক বেতন	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (যদি থাকে)
০১	বাবুর্চি ক্যাটাগরি-৪	০৪	১৭,১০৮.০০	-
০২	সহকারী গার্ডেনার (বাগানকর্মী) ক্যাটাগরি-৪	০১	১৭,১০৮.০০	-
০৩	সহকারী বাবুর্চি ক্যাটাগরি-৫	০২	১৬,৬৭৩.০০	-
০৪	পরিচ্ছন্নতাকর্মী ক্যাটাগরি-৫	০৩	১৬,৬৭৩.০০	-

নিয়োগের শর্তাবলি:

০১। আবেদনকারীকে অবশ্যই পিএসটিএস কর্তৃপক্ষ কর্তৃক প্রবর্তিত আবেদন ফরমে চাহিত প্রয়োজনীয় তথ্যাদি পূরণপূর্বক আবেদন করতে হবে। অন্যথায় প্রার্থীর আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। উক্ত আবেদন ফরমটি ০১) এপিবিএন হেডকোয়ার্টার্স, বাংলাদেশ পুলিশ, উত্তরা, ঢাকা; ০২) অধিনায়ক (অতিঃ ডিআইজি), ৯ আর্মড পুলিশ ব্যাটালিয়ন; ০৩) পুলিশ সুপার, রাঙ্গামাটি পার্বত্য জেলা এবং ০৪) কমান্ড্যান্ট (অতিঃ ডিআইজি), পিএসটিএস, বেতবুনিয়া, রাঙ্গামাটি হতে সংগ্রহ করা যাবে।

০২। আবেদনপত্র ০৩ নভেম্বর ২০২৬ খ্রি. তারিখ বিকাল ১৫.০০ ঘটিকার মধ্যে কমান্ড্যান্ট (অতিঃ ডিআইজি), পিএসটিএস, বেতবুনিয়া, রাঙ্গামাটি বরাবর সরাসরি বা ডাকযোগে প্রেরণ করতে হবে।

০৩। আবেদনপত্রের সাথে সদ্য তোলা ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি (১ম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত), জাতীয় পরিচয়পত্রের কপি এবং যথাযথ কর্তৃপক্ষের নাগরিকত্ব সনদ প্রদান করতে হবে।

০৪। বয়সসীমা: বর্ণিত পদের ক্ষেত্রে বয়সসীমা ১৮ হতে ৬০ বছর (আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবাগ্রহণ নীতিমালা, ২০২৫ অনুযায়ী)।

০৫। উক্ত সেবাসমূহের মেয়াদ নিয়োগের তারিখ হতে ৩০ জুন ২০২৮ পর্যন্ত নিয়োগের শর্ত সাপেক্ষে কার্যকর থাকবে।

০৬। অসদাচরণ বা কর্মে অবহেলা করলে কোন কারণ দর্শানো ব্যতিরেকে চুক্তি বাতিল করা যাবে।

০৭। আউটসোর্সিং সেবাকর্মীগণ ইউনিটের কোন স্থায়ী পদে নিয়োগের জন্য অগ্রাধিকার পাবে না।

০৮। সেবা ক্রয়ের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

০৯। প্রযোজ্য ক্ষেত্রে আগ্রহী প্রার্থীদের মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১০। প্রযোজ্য ক্ষেত্রে আগ্রহী প্রার্থীদের মৌখিক ও ব্যবহারিক পরীক্ষার সময়সূচি এসএমএস এর মাধ্যমে জানানো হবে।

১১। ইতঃপূর্বে সরকারি/স্বায়ত্তশাসিত/বেসরকারী প্রতিষ্ঠানে আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবাপ্রদান এবং বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন সেবাকর্মীদের অগ্রাধিকার দেয়া হবে।

১২। একই ব্যক্তি একাধিক পদে আবেদন করতে পারবে না।

১৩। সর্বক্ষেত্রে আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবাগ্রহণ নীতিমালা, ২০২৫ ও সংশোধিত ২০২৬ এর শর্তাবলি অনুসরণ করা হবে।

১৪। কর্তৃপক্ষ বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৮.১০.২৬

সরকার মোহাম্মদ কায়সার বিপিএম
বিপি-৭৮০৫১১৯৬৮৪
কমান্ড্যান্ট (অতিঃ ডিআইজি)
পিএসটিএস, বেতবুনিয়া, রাঙ্গামাটি
E-mail: cmdpsts@police.gov.bd

স-১৬৫৯ (১১×৪)